প্রভুর উদ্দেশ্যে পবিত্রতা

ঈশ্বরের আরোগ্যকারী বাক্য

মূলঃ রেভাঃ জর্জ এল. পাইক।

এই বার্তা বিনামূল্যে বিতরনের জন্য প্রকাশিত হয়েছে। আরো কপি পেতে হলে, যদি সম্ভব হয় ইংরেজীতে আপনি কতগুলি কপি সুন্দরভাবে ব্যবহার করতে পারেন জানিয়ে নিচের ঠিকানায় লিখুন।

Published By

Grace Temple
PO Box 511
Monroe, GA 30655-0511 USA
Web: www.GraceTempleOnline.org
Email: info@GraceTempleOnline.org

BEN9908T • Bengali • God’s Healing Word

ঈশ্বরের আরোগ্যকারী বাক্য

ঈশ্বরের প্রাচুর্যময় জীবন যারা উপভোগ করেন নি তাদের সকলের প্রতি।

বিষয়টি জানা হলো যে ঈশ্বর হলেন জীবনের আত্মা। তাতে মৃত্যু নেই। শয়তান হলো মৃত্যুর আত্মা, এবং তাতে কোনো জীবন নেই। ঈশ্বর আমাদের পার্থিব জীবন দান করেছেন যারা এই জগতে জন্মগ্রহণ করে তারা সকলেই এর ভাগী। আমরা শ্বাসপ্রশ্বাস গ্রহণ করি এবং জীবনের বহু মূল্য শ্বাসপ্রশ্বাস উপভোগ করি। আহা তাদের কত সুন্দর জীবন হবে, যাদের হতাশা ও সন্দেহের দ্বন্দ্বরত অভিপ্রায় নেই! এটা কেমন ভালো হয়, যদি রাস্তায় হেঁটে বা ঘোড়ায় চড়ে নিজের দেশের সুন্দর তৃণভূমি ও সুন্দর ফুলগুলো দেখে ঘুড়ে বেড়াতেন, সকলই তাদের সুগন্ধ দ্বারা জীবিত এবং খুবই প্রাণবন্ত, এবং এগুলোকে ঈশ্বর নিজ হাত দিয়ে ব্যক্তিগত উচ্চাকাঙ্ক্ষাগুলো প্রদান করেছেন। চিন্তায় দ্বন্দ্বরত অভিপ্রায়গুলো দ্বারা নয়, আপনার দেহের সাবলীল স্বাস্থ্য, অসুস্থ্যতার অনুভূতিগুলো আপনার শরীরের মধ্যে ঘুড়ে না বেড়িয়ে; আপনার অভিপ্রায়গুলো আত্মার মধ্যে দিয়ে ধাবিত হয়ে মহা আনন্দ আনায়ন করে চলেছে।

সত্যিই লেখক ভালো বলেছেন যে আমরা আনন্দ সহকারে পরিত্রাণের উৎস থেকে জলে নিঃসারিত করি; ধন্যবাদ সহকারে তাঁর দ্বারে প্রবেশ কর এবং প্রশংসা সহকারে তাঁর প্রাঙ্গণে প্রবেশ করি। পবিত্র বাইবেল আমাদেরকে বলে যে হৃষ্টচিত্ত সেই যার একটি অবিরাম ভোজ আছে, এবং একজন হৃষ্টচিত্ত ব্যক্তি ঔষধের মত ভালো কাজ করে, কিন্তু ভগ্ন আত্মা হাড়কে শুষ্ক করে। লেখক আমাদের বলেছেন যে দুঃখ মৃত্যুর কাজ করে। প্রত্যেকেই সুস্পষ্টরূপে দেখতে পারে কেন বাইবেল শিক্ষা দেয় যে, ঈশ্বরের সেবা হলো পবিত্র আত্মাতে আনন্দ, শান্তি এবং ধার্মিকতা। এই কারণে বিশ্বাস, তাঁর প্রতিজ্ঞায় তাঁর সঙ্কল্পে কখনই কাজে ব্যর্থ হয় না বা অনন্তকাল থেকে অনন্তকলে যা কখনই পরিবর্তন না হয়ে অনন্ত জীবন আনায়ন করে। এগুলো জীবন এবং অনুপ্রেরণার বাক্য, আশার প্রতিজ্ঞা এবং স্নেহশীল ক্ষমা, যে ইচ্ছা করে সে আসুক। গ্রহণ করুক। এগুলো সকলের প্রতি সুস্থতার প্রতিজ্ঞা। আপনার বিশ্বাস অনুসারে, অতএব ইহা আপনার প্রতি হোক কোনো ব্যক্তিবিশেষের সম্মানের সাথে নয়, কিন্তু ঈশ্বরের সৃষ্টির সত্তা হিসেবে সকল মানুষ সম্বন্ধে। আমরা আমাদের নিজেদের ভাগ্যকে স্থির করি।

একজন ব্যক্তি কী ভাবে একটি স্বাস্থ্যকর জীবন উপভোগ করতে পারে? একটাই মাত্র উপায় আছে। ঈশ্বর আমাদের ভয়ের আত্মা দান করেন নি। আমাদের জন্ম ভয় থেকে হয়নি, কিন্তু ইহা একটি প্রেত আত্মা যা ঈশ্বরের বাক্য অবিশ্বাসের পথ ধরে আমাদের আত্মতে প্রবেশ করে এবং তাঁর সেই প্রতিজ্ঞা যা আমাদিগকে সৃষ্টি করেছিলেন এবং আমাদের জীবনকে রক্ষা করে।

যীশু বলেন, তোমার আত্মকে কষ্ট দিয়ো না, একে ভীত হতে দিয়ো না। ইহা আমাদের সমীপে দেয়া হয়েছে জীবনের নেতিবাচক দিকগুলো ব্যবহার করে ঈশ্বরের সৃষ্টিশীল বাক্যের মধ্যে একটি ইতিবাচক বিশ্বাসের বিকাশ সাধন করতে। ঠিক যেমন আমাদের মনে একটি বিশ্বাস আছে যা আমাদের অভিপ্রায় দ্বারা স্থির, এরকমভাবে খ্রীষ্টের মনে বিশ্বাস আছে যা একবার মাত্র সাধুদের প্রতি প্রদান করা হয়েছিলো, কারণ ঈশ্বর তাদেরকে খ্রীষ্টের মন দান করলেন। আমরা অবশ্যই যীশু খ্রীষ্টের বিশ্বাসের জন্য চেষ্টা করবো। পৌল বলেন, আমাদের খ্রীষ্টের মন আছে, কিন্তু আমরা অবশ্যই ইহাকে স্বাধীনতা দিব। এই মনের মধ্য দিয়ে অর্থাৎ আমাদের আত্মা ও হৃদয়ের মধ্যে, ঈশ্বর সমস্ত কিছু যা তিনি তাঁর শক্তির মধ্যে রেখেছেন এই মনের মধ্য দিয়েই আমাদের দেহে মুক্ত করেছেন। উদাহরণস্বরূপ পরিত্রাণ, সুস্থতা এবং অনুরূপভাবে যা কিছু। ঈশ্বরের রাজ্য আমাদের মধ্যে, অতএব, আমাদের সুস্থতা আমাদেরই মধ্যে ঠিক যেমনটি পরিত্রাণ আমাদের মধ্যে।

পৌল বলেন, আমরা খ্রীষ্টের দেহ। অনেকেই ঘুমায় কেননা তারা এটা উপলব্ধি করতে ব্যর্থ হয়। যীশু আপনার জন্য রোগগ্রস্ত হলেন, তাঁর দেহকে একটি নিদারুণ যন্ত্রণা দিয়ে ক্রুশে মারা হলো যেন আপনি তাঁর শরীর লাভ করতে পারেন অর্থাৎ সম্পূর্ণরূপে সমস্ত পাপ এবং রোগ থেকে মুক্তি লাভ করেন। আপনি খ্রীষ্টের মৃত্যুতে বিশ্বাস দ্বারা ইহা উপলব্ধি করুন যে আপনার মৃত্যুর স্থান তিনি নিয়েছিলেন যেন আপনি তাঁর জীবনের দেহ লাভ করতে পারেন। যখনই খ্রীষ্টের ওপর বিশ্বাস দ্বারা আপনি বিশ্বাস করেন যে আপনার সাথে তিনি স্থান বিনিময় করেছেন তৎক্ষণাৎ আপনি সুস্থতা লাভ করেন। সর্বদা মনে রাখুন যে আপনার দেহকে, যা ঈশ্বরের বিচারের জন্য মোশীর ব্যবস্থার অভিশাপের অধীনে ছিল, ক্রুশে পেরেক দ্বারা বিদ্ধ করা হয়েছিলো, এবং যেহেতু আপনি খ্রীষ্টের দেহ প্রাপ্ত হয়েছেন, যীশুতে বিশ্বাস দ্বারা আপনি অভিশাপ থেকে মুক্ত।

ঈশ্বরের ব্যবস্থা এবং তাঁর সকল প্রতিষ্ঠান প্রভু যীশুর কাছে। আমরা যীশুতে বিশ্বাসের মাধ্যমে সেগুলো গ্রহণ করি। ইহা আমাদেরই প্রতিজ্ঞা করে যে বিশ্বাসের দ্বারা আমরা খ্রীষ্টের দেহ। মনে রাখুন, আমাদের বিশ্বাস হলো বুদ্ধিমান চিন্তা যা আমরা ঈশ্বরের বাক্যের সঙ্গে গ্রহণ করি। ঈশ্বরের বাক্য হলো খ্রীষ্টের মন। ঈশ্বরের বাক্যে শ্রবণের মধ্য দিয়ে বিশ্বাস আসে। খ্রীষ্টের বিশ্বাস হলো আমাদের হৃদয় বা আত্মার একটি গভীর প্রত্যয়। আমরা উদ্ধারপ্রাপ্ত বা সুস্থ, কেবলমাত্র বুদ্ধিগতভাবে ইহা বিশ্বাস করার অর্থ আমরা প্রতারিত এবং সর্বনাশগ্রস্ত। ইহাকে অব্যশ্যই হৃদয় বা আত্মার প্রত্যয় হতে হবে। অন্তর দিয়ে মানুষ ধার্মিকতায় বিশ্বাস করে, এবং যেমনটি একজন মানুষ তার হৃদয়ে চিন্তা করে, তেমনই তা হয়। যীশু বলেন, যদি তুমি তোমার হৃদয়ে বিশ্বাস কর এবং তাতে সন্দেহ না থাকে, তবে তুমি যা চাও তাই পাবে। হৃদয় আন্তরিকভাবে বিশ্বাস করবে না যতক্ষণ না ইহা ঈশ্বরের প্রতি আপনার আন্তরিক ভক্তি আন্তরিক চেষ্টা দ্বারা সম্পূর্ণ নিশ্চিত হতে না পারবে। ঐজন্য কর্মবিহীন বিশ্বাস মৃত। কর্ম আপনাতে ঈশ্বরের দয়ার মধ্যে আপনার অবিশ্বাসের পুনরুজ্জীবিত করে।

যখন উপবাস ও সংযমের দ্বারা আপনার দেহের পঞ্চম ইন্দ্রিয় (দেখা, স্বাদ গ্রহণ, শোনা, গন্ধ নেয়া, এবং অনুভূতি) মারা যায় যখন আত্মিক পীড়ন থেকে খ্রীষ্টের বিশ্বাস আপনার মধ্যে মুক্ত করা হয়। যেন পঞ্চমান্দ্রিয়ের মাধ্যমে শয়তান আপনার বিশ্বাসকে ব্যাহত করে তা আপনার মধ্য থেকে বাহিরে ফেলে দিলে শয়তানের কাজ করবার আর কোনো উপায় থাকে না। এখন যেন আমরা এটা বুঝি, আসুন আমাদের প্রতি তাঁর প্রতিজ্ঞাত বাক্য শ্রবণের দ্বারা আমাদের বিশ্বাস স্থাপন করি।

আমার ঈশ্বর তাঁর আপন মহিমার ধন অনুসারে আপনাদের সমস্ত প্রয়োজন মেটাবেন। মনে রাখুন, শারিরীক, অর্থনৈতিক বা আত্মিক যে

কোনো ভাবেই তিনি আমাদের সব প্রয়োজনই মেটাবেন। আমিই ঈশ্বর যিনি তোমার পাপ সকল ক্ষমা করেন এবং তোমার সমস্ত রোগের প্রতিকার করেন। লক্ষ্য করুন, তিনি বলেছেন, সকল! আমি তোমার মধ্য থেকে অসুস্থতা দূর করবো বা তোমার আত্মা হতে বাহিরে ফেলে দিব।

ঈশ্বর হলেন জীবন এবং তাঁহাতে জীবনের সমস্ত বিশেষণ বিদ্যমান। উদাহরণস্বরূপ, সুস্থতা, পরিত্রাণ, আনন্দ, শান্তি ও উন্নতি জীবনের আত্মার ও খ্রীষ্টের দেহের সাথে বিদ্যমান, আপনারাই যাঁর দেহ। যীশু বলেন, আমি এসেছি যেন তোমারা জীবন পাও। খ্রীষ্টের মন ও বিশ্বাসের অনুরূপ চিন্তা করুন, যার মধ্য দিয়ে ধার্মিকতা স্বাধীনভাবে প্রবাহিত হয়। পৌল বলেন, তিনি কি সকল কিছুই খ্রীষ্টের সাথে মুক্তভাবে দান করবেন না?

ঈশ্বরের শত্রু, শয়তানের আত্মা মৃত। পবিত্র শাস্ত্র আমাদিগকে বলে যে এক মনুষ্য দ্বারা মৃত্যু এসেছিলো। মৃত্যুর বিশেষণগুলো হলো ভয়, শোক, দুঃখ, উদ্বিগ্নতা, দারিদ্রতা এবং অসুস্থতা। এসবগুলোই ঈশ্বরের শত্রু। খ্রীষ্ট এসব বিষয়গুলোর বিরুদ্ধে এসেছিলেনঃ মহামারী রোগ, যক্ষ্মা, স্বর, প্রদাহ, পোড়া, স্কোটক, ফোঁড়া, চুলকানি, অন্ধতা, হাঁটু ও পায়ের আঘাত এবং সমস্ত রোগ যা ব্যবস্থা পুস্তকে লিখিত হয় নাই। আপনি ওগুলো থেকে উদ্ধার পেয়েছেন। এগুলো সব ব্যবস্থার অভিশাপের অধীনে ছিলো। আপনি করুণার অধীনে আছেন। আমাদের জন্য খ্রীষ্ট অভিশপ্ত হয়েছিলেন। তিনি ক্রুশকাষ্ঠে তাঁর জীবন দ্বারা আমাদের অভিশাপ থেকে মুক্ত করেছেন।

পাপের কারণে পৃথিবীব্যাপী সমস্ত অসুস্থতা ও রোগ পরিচিতি লাভ করেছিলো। ঐ পাপ ছিল ঈশ্বরের বাক্যে অবিশ্বাস। হবা এই পাপ করেছিলো। বিশ্বাস না করাই হলো পাপ। আদম অবিশ্বাস দ্বারা সকল মানুষকে অভিশাপের অধীনে এনেছিলো। খ্রীষ্ট বিশ্বাস দ্বারা সকল মানুষকে অভিশাপের অধীন থেকে উদ্ধার করেছিলেন। আদমে আমরা সকলেই মৃতঃ খ্রীষ্টে সকলে জীবনপ্রাপ্ত।

তিনি তাঁর বাক্যকে (যীশু) পাঠালেন এবং আমাদেরকে সুস্থ করলেন। তাঁর বাক্যের বিশ্বাস বাক্য মাংসে মূর্তিমান হন। আমরা বাক্য হয়ে উঠি, ঈশ্বরের বাক্য রক্তমাংসে গঠিত হয়ে একটি পত্র হয় এবং লোকে তা পাঠ করে। আমরা খ্রীষ্টের দেহের মত বাক্যেও এক। ঈশ্বরের কাছে কোনো অসুস্থতা নেই। তাঁর ক্ষত দ্বারা আপনি সুস্থ হয়েছেন।

আপনার মধ্যে খ্রীষ্টের স্বভাব রয়েছে। তারা শয়তানের উপর জয়লাভ করেছিল তাদের সাক্ষের বাক্য ও মেষশাবকের রক্ত, কালভেরী পর্বতের কাজ, কথায় ও কাজে অপরাধ স্বীকার যা তিনি তাদের জন্য করেছিলেন সেই সকল দ্বারা। আপনারা নিজের বুদ্ধির ওপর নির্ভর করবেন না, আপনারা সর্বান্তকরণে প্রভুতে (ঈশ্বরের বাক্যে) বিশ্বাস করুন।

আমরা অবশ্য বন্দীদশার সমস্ত অভিপ্রায় খ্রীষ্টের কাছে নিয়ে আসবো, যেমন- হতাশ করা অলীক কল্পনা, ভয় ও সন্দেহ, এ ধরনের রক্তমাংস সম্বন্ধীয় মন বিনাশকারী কাজ যা হলো ঈশ্বরের সাথে শত্রুতা। ঈশ্বর তাঁর মুখ নির্গত কিছুই পরিবর্তন করবেন না। তিনি তাঁর বাক্যকে কার্যে পরিনত করবার প্রতিজ্ঞা রা করবেন।

যদি তাঁর ক্ষত দ্বারা আপনি সুস্থ হয়ে থাকেন, এবং তিনি কোনো ব্যক্তি বিশেষের প্রতি পক্ষপাতহীন নহেন, এবং আমাদের সে জন্য আহ্বান করা হয়েছে যদিও আমরা তাদের মত নয় (দৃশ্য জীবন নয়ঃ বিশ্বাসে ধার্মিক বাঁচিবে), তাহলে আপনার বিশ্বাস আপনাকে সম্পূর্ণ করবে।

ঈশ্বর তাঁর বাক্যে আমাদের বলেন, আমি সমস্ত কিছুর ওপরে থাকবো যেন তোমার উন্নতি হয় এবং তুমি সুস্বাস্থ্যের অধিকারী হও, ঠিক সেই সময়ে তোমার আত্মারও উন্নতি হয়। আপনার স্বাস্থ্যের উন্নতি আপনার আত্মার উন্নতি দ্বারা পরিচালিত হয। ইনিই আপনার প্রভু সদাপ্রভু যিনি আপনাকে ধনশালী হতে শক্তি দান করেন। আপনার ধন সম্পদ দান করা উচিত, কেননা আপনারা এ পৃথিবীতে আছেন ঈশ্বরের সেবার বিনিময়ে অনন্ত ধনসম্পদ লাভের উদ্দেশ্যে।

বিশ্বাস (মনে করুন, হৃদয়ের একটি প্রত্যয়) করুন যে আপনার অসুস্থতা প্রকৃতপক্ষে এবং সত্যিকারভাবে চলে গেছে। ইহা একবারও আমাদের ব্যর্থ করতে পারে না। আপনি যদি ঈশ্বরের বাক্য ও প্রতিজ্ঞায় বিশ্বাস না করেন তাহলে আপনাকে অনন্ত কালের জন্য ঈশ্বরের আশির্বাদ থেকে বঞ্চিত করা হবে। হয়তো আপনি বিশ্বাস নাও করতে পারেন এবং অসুস্থ থাকতে পারেন এবং নরকে প্রেরিত হতে পারেন, কিন্তু যদি আপনি সত্যিকারভাবে বিশ্বাস করেন তাহলে এটা আপনার দেহকে নিয়ন্ত্রণ রাখবে এবং ধার্মিকতা এবং তা প্রমাণের জন্য কাজ করতে বাধ্য করবে। ঈশ্বর কখনই আমাদের ছেড়ে যান না বা পরিত্যাগ করেন না। ঈশ্বর কখনই ব্যর্থ হন না। আমরা অবিশ্বাসের মাধ্যমে তাঁকে ছেড়ে যাই। যীশু বলেন, বিশ্বাসে যাঞ্ঞা কর, বিচলিত হবার কিছুই নেই। যোহন বলেন, এটি হলো তাঁর ওপর আমাদের দৃঢ় বিশ্বাস; আমরা তাঁর নামে যা কিছু চাই, আমরা পাই। যদি আমাদের হৃদয় আমাদেরকে দোষী না করে, তাহলে ঈশ্বরের ওপর আমাদের বিশ্বাস আছে। পৌল বলেন, আমি সর্বদাই পাপবিহীন অবস্থায় মানুষ ও ঈশ্বরের প্রতি একটি নৈতিকতা রাখতে সংগ্রাম করে চলেছি। পবিত্র শাস্ত্র বলে, যারা চায় তারা প্রত্যেকেই পায়। যীশু বলেন, তোমরা যা কিছু আমার না সে চাইবে, আমি তোমাদের দিব। যীশু বলেন স্বর্গজ পিতার গৌরব করতে। চাও, যেন তোমাদের আনন্দ পূর্ণ হয়। তিনি ক্রুশকাষ্ঠে তাঁর দেহে আপনার অসুস্থতা ও মর্মযন্ত্রণা বহন করেছিলেন, এবং তাঁর দ্বারা আপনি সুস্থতা লাভ করেছেন। যীশু বলেন, সমাপ্ত হল। যদি তিনি আপনার জন্য সেগুলো তাঁর দেহে বহন করেন, তাহলে কেন আপনার শয়তানের মিথ্যাচারের কারণে পুনরায় সেগুলোকে বহন করছেন?

মনে রাখুন, বিশ্বাস হলো আপনার অভিপ্রায় এবং ইচ্ছা ঈশ্বরের নিকট সমর্পণের একটি নমুনা। তাঁর বাক্যে বিশ্বাস করার অর্থ হলো আপনার নিজের চিন্তা ও ক্লান্তি, বিষাদপূর্ণ অনুভূতিগুলো ত্যাগ করা। তাঁর প্রতিজ্ঞার ইতিবাচক অভিপ্রায়গুলো চিন্তা করে আপনার মনের নেতিবাচক পরাজয়ের অভিপ্রায়গুলো থেকে সমূলে উৎপাটন করলে তাহা আপনার পথে সুখ, স্বাস্থ্য এবং উন্নতি আনবে। যখন আপনি বিশ্বাস করা থেকে বিরত থাকেন, তখন ইহা কাজ করা থেকে বিরত থাকে। সর্বদাই আপনার অভিপ্রায় অনুভূতিগুলোর দিকে লক্ষ্য রাখুন। অতএব,

আপনারা মনের নতুনীকরণ দ্বারা নতুনীকৃত হোন। আপনার খাঁটি মন, খ্রীষ্টের মনকে জাগরিত করুন এবং প্রমাণ করুন যে, কোনটি প্রভুর কাছে উত্তম এবং গ্রহণযোগ্য ইচ্ছা। তিনি হলেন প্রধান পুরোহিত, আমাদের দুর্বলতাগুলোর অনুভূতিগুলো স্পর্শ করেন, আপনার জন্য আপনার হৃদয়ে প্রতিদ্বন্দ্বী প্রক্ষদ্বয়ের মধ্যে শান্তি স্থাপনের চেষ্টা করেন; আপনাদের পাপ স্বীকারের প্রধান পুরোহিত।

হৃদয় দিয়ে মানুষ ধার্মিকতায় বিশ্বাস করে। পরিত্রাণের জন্য মুখে পাপ স্বীকার করা হয়। পাপ স্বীকার করুন, বিশ্বাস করুন এবং গ্রহণ করুন ও যীশু খ্রীষ্টের নামে আপনার সমস্ত দুর্বলতা, অসুস্থতা এবং পরাজয় থেকে নিজে সম্পূর্ণ হন। ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন এই হলো আমার প্রার্থনা।

মূলঃ রেভাঃ জর্জ এল. পাইক।

Founder and first President of Jesus Christ’s Eternal Kingdom of Abundant Life, Inc.

প্রভুর উদ্দেশ্যে পবিত্রতা